



হাতিরঝিল প্রকল্প এলাকায় ফ্ল্যাট বরাদ্দের  
প্রসপেক্টাস-২০২০



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা-১০০০।

website : [www.rajuk.gov.bd](http://www.rajuk.gov.bd)

e-mail : [chairman@rajukdhaka.gov.bd](mailto:chairman@rajukdhaka.gov.bd)



# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা।

www.rajuk.gov.bd

প্রকল্পের নাম : হাতিরঝিল ফ্ল্যাট প্রকল্প।  
ফ্ল্যাট সংখ্যা : ৫৬ টি ফ্ল্যাট। সুপেরিয়র সাইজ, ভবন নং-১ (বরাদ্দ যোগ্য ২৬ টি)।

ফ্ল্যাটের অবস্থান ও

তথ্যাদির বিবরণ :

রাজউকের আওতাধীন হাতিরঝিল প্রকল্প এলাকায় নিজস্ব অর্থায়নে নির্মিত টঙ্গী ডাইভারসন রাস্তার পূর্ব পার্শ্বে (ডিপিডিসি সাব স্টেশন এর পিছনে) লেকের সাথে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ০১টি বেজমেন্টসহ ১৫(পনের) তলা বিশিষ্ট এপার্টমেন্ট ভবন যার প্রতিটি ফ্লোরে ০৪(চার) টি করে মোট ৫৬ টি ফ্ল্যাট রয়েছে (বরাদ্দ যোগ্য ২৬টি)। প্রতিটি ফ্ল্যাটের নেট এরিয়া ১২৮৪.০০ বর্গফুট এবং গ্রস এরিয়া ১৬০০ বর্গফুট।

১.০ আবেদনপত্র দাখিল সংক্রান্ত তথ্যাবলী :

ক) আবেদনকারীর যোগ্যতা :

বাংলাদেশের সকল নাগরিক যাহাদের বয়স ০১/০৭/২০২০ খ্রিঃ তারিখে কমপক্ষে ১৮ বছর তাহারা আবেদন করিবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় ও দাখিল :

- ক) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতায় হাতিরঝিল প্রকল্প এলাকায় আধুনিক সুযোগ সুবিধাসহ ২৬টি ফ্ল্যাট বরাদ্দের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকগণকে রাজউকের নির্ধারিত আবেদন ফরমে আবেদন করিতে হইবে। আগ্রহী ব্যক্তিগণ রাজউক ভবনস্থ অগ্রণী ব্যাংক লিমিটেড, কর্পোরেট শাখা হইতে নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) প্রদান করিয়া ০৯.০৮.২০২০ খ্রিঃ তারিখ হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করা যাইবে।
- খ) আবেদনকারীগণকে আগামী ০৮.০৯.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে ব্যাংক চলাকালীন সময়ে আবেদনপত্র জমা প্রদান করিতে হইবে। উল্লেখ্য, যে ব্যাংক হইতে আবেদনপত্র সংগ্রহ করা হইবে সেই ব্যাংকেই জমা প্রদান করিতে হইবে।
- গ) রাজউক ওয়েব সাইট (www.rajuk.gov.bd) হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করিয়া প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে জামানতের অর্থ “চেয়ারম্যান, রাজউক হাতিরঝিল এ্যাপার্টমেন্ট প্রকল্প” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে ২(খ) নং অনুচ্ছেদের বর্ণিত ব্যাংকের শাখায় আবেদনপত্র জমা প্রদান করা যাইবে। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ নগদ টা: ৫,০০০/- (পাঁচ হাজার) মাত্র (অফেরতযোগ্য) জামানতের সঙ্গে জমা প্রদান করিতে হইবে।

ঘ) বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ রাজউক ওয়েবসাইট [www.rajuk.gov.bd](http://www.rajuk.gov.bd) হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করিয়া প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে 'চেয়ারম্যান, রাজউক, এর বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করিতে পারিবেন। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ ১০০(একশত) মার্কিন ডলার/৮০(আশি) ইউরো (অফেরতযোগ্য) জামানতের সঙ্গে জমা প্রদান করিতে হইবে।

৩.০ ক) আবেদনকারী (স্থানীয় অধিবাসীদের ক্ষেত্রে) জামানত হিসাবে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা "চেয়ারম্যান, রাজউক হাতিরঝিল এ্যাপার্টমেন্ট প্রকল্প" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হইবে। উল্লেখ্য, ঢাকা সিটি কর্পোরেশনের অধিভুক্ত অধিবাসীদের ক্ষেত্রে জামানতের অর্থ পে-অর্ডারের মাধ্যমে এবং উক্ত এলাকার বাহিরের অধিবাসীদের ক্ষেত্রে টি.টি-এর মাধ্যমে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হইবে। বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণের ক্ষেত্রে জামানতের সমপরিমাণ অর্থ ইউরো/মার্কিন ডলারে 'চেয়ারম্যান, রাজউক এর বরাবরে এফডিডি/টিটি এর মাধ্যমে জমা দিতে হইবে।

খ) বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণের জন্য :  
জামানতের অর্থ "চেয়ারম্যান, রাজউক হাতিরঝিল এ্যাপার্টমেন্ট প্রকল্প" এর অনুকূলে এফডিডি/টি.টি এর মাধ্যমে Agrani Bank Limited, Foreign Exchange Corporate Branch, I/B, RAJUK, Avenue, Motijheel C/A, Dhaka, FCAD Account No. 003,EURO A/C-001 তে প্রেরণ করিতে হইবে।

৪.০ আবেদনকারীগণকে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে :

ক) আবেদনপত্র ও প্রসপেক্টাস ক্রয়ের মূল ব্যাংক রশিদ এবং জমাকৃত জামানতের মূল ব্যাংক রশিদ।

খ) আবেদনকারীর সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

গ) আবেদনকারীর বয়স এবং নাগরিকত্ব প্রমাণের জন্য জাতীয় পরিচয়ত্রের সত্যায়িত প্রতিলিপি। জাতীয় পরিচয় পত্র যদি না থাকে তাহা হইলে বয়স প্রমাণের জন্য এস.এস.সি বা সমমানের পরীক্ষার সনদপত্র/ জন্ম সনদপত্র/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের এবং নাগরিকত্ব প্রমাণের জন্য পাসপোর্ট বা মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল/সত্যায়িত প্রতিলিপি।

৫.০ উল্লেখ্য প্রতি বর্গফুট ফ্ল্যাটের মূল্য ৮,০০০ (আট হাজার) টাকা, কার পার্কিং প্রতিটি ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা এবং ইউটিলিটি ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।



## রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা-১০০০।

website : [www.rajuk.gov.bd](http://www.rajuk.gov.bd)

e-mail : [chairman@rajukdhaka.gov.bd](mailto:chairman@rajukdhaka.gov.bd)